গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
খালিয়াজুরী, নেত্রকোণা।
www.fisheries.khaliajuri.netrokona.gov.bd

স্মারক নং-৩৩.০২.৭২৩৮.০০০.৫০১.৬২.০০০২.২৬.১১৮

তারিখঃ ২৫ আষাঢ়, ১৪৩৩
০৯ জুলাই, ২০২৬

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ প্রকৃত জেলে পরিবারের তালিকা হালনাগাদকরণ প্রসঙ্গে।**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মৎস্য অধিদপ্তরের নির্দেশনার আলোকে খালিয়াজুরী উপজেলার প্রকৃত জেলে পরিবারের তালিকা হালনাগাদকরণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, খালিয়াজুরী উপজেলার সকল ইউনিয়নের প্রকৃত জেলে ও মৎস্যজীবীদের উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্র প্রদানপূর্বক জেলে তালিকা হালনাগাদকরণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

একই সাথে, বিদ্যমান জেলে তালিকাভুক্ত কোনো ব্যক্তি পেশা পরিবর্তন করে থাকলে, মৃত্যুবরণ করে থাকলে অথবা স্থায়ীভাবে অন্যত্র স্থানান্তরিত হয়ে থাকলে, সে সংক্রান্ত তথ্য উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, খালিয়াজুরী, নেত্রকোণায় প্রদান করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। প্রাপ্ত তথ্য যথাযথভাবে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য যে, শুধুমাত্র প্রকৃত মৎস্য আহরণের সাথে সম্পৃক্ত জেলে পরিবারসমূহ যাচাই-বাছাই সাপেক্ষে তালিকাভুক্ত হবেন। ভুল, অসত্য বা বিভ্রান্তিকর তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।এ বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্যবৃন্দ, স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করা হচ্ছে।

বিস্তারিত তথ্যের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, খালিয়াজুরী, নেত্রকোণায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৯.০৭.২০২৬
মাহবুবুর রহমান
উপজেলা মৎস্য কর্মকর্তা
খালিয়াজুরী, নেত্রকোণা।

স্মারক নং-৩৩.০২.৭২৩৮.০০০.৫০১.৬২.০০০২.২৬.১১৮

তারিখঃ ২৫ আষাঢ়, ১৪৩৩
০৯ জুলাই, ২০২৬

অনুলিপিঃ
১. মাননীয় সংসদ সদস্য, ১৬০ নেত্রকোণা-৪।
২. জেলা মৎস্য কর্মকর্তা, নেত্রকোণা।
৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা, খালিয়াজুরী, নেত্রকোণা।
৪. ইউপি চেয়ারম্যান (সকল ইউনিয়ন), খালিয়াজুরী।
৫. সংশ্লিষ্ট নথি।

০৯.০৭.২০২৬
মাহবুবুর রহমান
উপজেলা মৎস্য কর্মকর্তা